



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

নং-বিবিধ/২৫৩

তারিখ : ২২/১০/২০১৮


জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ একাদশ/ দ্বাদশ শ্রেণির লঘু সংগীত বিষয়ের শিক্ষাক্রমের স্পষ্টীকরণ সংক্রান্ত সংশোধনী অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ এর স্মারক নং-এসসিটিবি/শি:উ:/২৭১/১০/১৭০৪ তারিখ:০১/১০/২০১৮খ্রি:।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ (এনসিটিবি) কর্তৃক জারিকৃত একাদশ/দ্বাদশ শ্রেণির লঘু সংগীত বিষয়ের শিক্ষাক্রমের স্পষ্টীকরণ সংক্রান্ত সংশোধনী পত্রটি সকল উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/কলেজ -কে অবহিতকরণের লক্ষ্যে এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উল্লেখ্য এ সংশোধনীটি ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে কার্যকর হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


২২/১০/১৮

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

সংযুক্তি:

১। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ এর স্মারক নং-এসসিটিবি/শি:উ:/২৭১/১০/১৭০৪
তারিখ:০১/১০/২০১৮খ্রি:।



ক্রম ৪২২৬
২১.১০.১৮

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd



স্মারক নং : এনসিটিবি /শি:উ:/২৭১/১০ ১৭০৪

তারিখ: ০১/১০/২০১৮খ্রি:

বিষয়: একাদশ/ দ্বাদশ শ্রেণির লঘু সংগীত বিষয়ের শিক্ষাক্রমের স্পষ্টীকরণ সংক্রান্ত সংশোধনী
অবহিতকরণ প্রসঙ্গে

সূত্র: নথি নং-৩৭.০০.০০০০.০৭১.৩৯.১৩৬.১৮.১২১৮; তারিখ: ২০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়কে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক একাদশ/দ্বাদশ শ্রেণির পরিমার্জিত 'শিক্ষাক্রম-২০১২' এর লঘু সংগীত বিষয়ের শিক্ষাক্রমে ১ম পত্রের 'খ' গুচ্ছে এবং ২য় পত্রের তৃতীয়: যন্ত্রসংগীত বিভাগ ও পত্রোদ্বয়ের নম্বর বিভাজনে 'সেতার এবং বেহালা' ও 'সেতার-বেহালা' উল্লেখ করা আছে। গত ২৭-০৫-২০১৮ খ্রি. তারিখে শিক্ষাক্রম সমন্বয় কমিটি (NCCC) এর সভায় দুটি বিষয়ে দুই বছরে অধ্যয়ন শিক্ষার্থীদের পক্ষে সম্ভবপর না হওয়ায় এ দুই বিষয়ের যে কোন একটি অধ্যয়নের সুযোগ প্রদানের সিদ্ধান্ত অনুমোদন করা হয়। ফলে এখন থেকে উক্ত শিক্ষাক্রমে ১ম পত্রের খ গুচ্ছে এবং ২য় পত্রের তৃতীয়: যন্ত্রসংগীত বিভাগ ও পত্রোদ্বয়ের নম্বর বিভাজনে 'সেতার এবং বেহালা' ও 'সেতার-বেহালা' এর পরিবর্তে 'সেতার অথবা বেহালা' এবং 'সেতার/বেহালা' হিসেবে সংশোধন করা হলো। ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে সংশোধনীটি কার্যকর হবে। উক্ত সংশোধনী সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর
০১/১০/১৮

(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)

সচিব

ফোন: ৯৫৬৫৬৪৪

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা/ কুমিল্লা/রাজশাহী/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ/যশোর/

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

স্মারক নং এনসিটিবি /শি:উ:/২৭১/১০ ১৭০৪/১(১১)

তারিখ: ০১/১০/২০১৮খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১-৪। সদস্য (অর্থ/ শিক্ষাক্রম/ পাঠ্যপুস্তক/ প্রাথমিক শিক্ষাক্রম), এনসিটিবি

৫। উপসচিব (প্রশাসন/ কমন), এনসিটিবি

৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, এনসিটিবি

৭। সৈয়দ মাহফুজ আলী, উর্ধ্বতন বিশেষজ্ঞ ও ইউনিট সমন্বয়ক, উচ্চ মাধ্যমিক ইউনিট, এনসিটিবি

৮। পি এ টু চেয়ারম্যান, এনসিটিবি

৯। পি এ টু সচিব, এনসিটিবি

১০। সংরক্ষণ নথি

স্বাক্ষর
০১/১০/১৮

সহকারী সচিব(প্রশাসন)

ফোন: ৯৫৫২৮৪৯